গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর- : ৩৮.০১.০০০০.১১৮.০০৬.০০৫.২১- ৩৬৭ (৪৫০০)

তারিখ : ১৪ বৈশাখ ১৪৩০ / ২৭ এপ্রিল ২০২৩

বিষয়: **সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন কার্যক্রম পরিবীক্ষণ এবং প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: (ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ৩৮.০০.০০০০.০২৬.০৬.০০১.১.৩৬১, তারিখ: ২৪/০৪/২০২২খ্রি:।
(খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ৩৮.০১.০০০০.১১৮.০০৬.০০৫.২১-১৯৯/১১৯০, তারিখ: ২৫ মে ২০২২ খ্রি:।

উল্লিখিত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি৪), চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প এবং চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সারা দেশে বিপুল সংখ্যক বিদ্যালয়ে অবকাঠামো উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী এসকল অবকাঠামো উন্নয়ন কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণের জন্য সূত্রোক্ত স্মারকে কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যপরিধি অনুযায়ী প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন কার্যক্রম নিয়মিত পরিদর্শন করে স্থানীয় পর্যায়ে সভা করাসহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করার কথা রয়েছে। কিন্তু অদ্যাবধি এসংক্রান্ত কোন প্রতিবেদন কিংবা সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, এতদসঙ্গে প্রেরিত কমিটিসমূহের কার্যপরিধি অনুযায়ী প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন এলজিইডি এবং ডিপিএইচই কর্তৃক সম্পাদিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন কার্যক্রম সংযুক্ত ছকে পরিদর্শনসহ প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: কমিটির কার্যপরিধি এবং পরিবীক্ষণ ছক।

২৬/৪/২৩

মোহাম্মদ মিজানুর রহমান
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন:৫৫০৭৪৯৩৮
dirplandpe@gmail.com

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),
জেলা: ... ... ... ... ... ...

সদয় অবগতির এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)::

১. বিভাগীয় উপপরিচালক(সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ: ... ... ... ...
২. অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা (সকল), জেলা: ... ... ... ... ... .. ...
৩. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সকল), জেলা: ... ... ... ..
৪. নির্বাহী প্রকৌশলী, ডিপিএইচই (সকল), জেলা: ... ... ... ...
৫. সচিব এর একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা: ... ... ... ... ... ..., জেলা: ... ... ... ... ...
৭. উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, উপজেলা: ... ... ... ... ..., জেলা: ... ... ... ... ...
৮. সহকারী প্রকৌশলী (সকল), ডিপিএইচই, উপজেলা: ... ... ... ... ... ..., জেলা: ... ... ... ... ...
৯. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), উপজেলা: ... ... ... ... ... ..., জেলা: ... ... ... ... ...
১০. সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), উপজেলা: ... ... ... ... ... ..., জেলা: ... ... ... ... ...
১১. মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২. অতিরিক্ত মহাপরিচালক, পিইডিপি৪ (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
১৩. অফিস কপি।

# সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নির্মাণ কার্যক্রম পরিবীক্ষণ ছক

| ক্র: নং | জেলার নাম | উপজেলার নাম | বিদ্যালয়ের নাম | কতগুলো শ্রেণিকক্ষ নির্মাণাধীন | প্রাক্কলিত ব্যয় | কার্যাদেশ প্রদানের তারিখ | উন্নয়ন কার্যক্রম শুরুর তারিখ | কাজ শেষ হওয়ার তারিখ | কার্যক্রমের অগ্রগতি (%) | প্রতিষ্ঠান প্রধানকে প্রাক্কলন প্রদান করা হয়েছে কিনা? (হ্যাঁ/না) | ফাউন্ডেশন/ ছাদ ঢালাই/ ভিম কলাম ঢালাইয়ের সময় উপস্থিত কর্মকর্তা/শিক্ষকের নাম | নির্মাণ সামগ্রীর গুণগত মান (ইট, বালু, সিমেন্ট, রড ইত্যাদি) (ভালো/ মোটামুটি/ ভালো নয়) | নির্মাণ চলাকালে বিদ্যালয়ের শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা হচ্ছে কিনা? (হ্যাঁ/না) | সার্বিক মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |

বি: দ্র: কমিটির সদস্যগণ এই ছক অনুযায়ী বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন কাজ পরিবীক্ষণ করবেন। একটি বিদ্যালয়ের জন্য ১টি ছক ব্যবহার করা হবে।

**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
**www.dpe.gov.bd**

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৫ মে ২০২২

স্মারক নং ৩৮.০১.০০০০.১১৮.০০৬.০০৫.২১-১৯৯/১১৯০

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ কার্যক্রম সুসমন্বিত এবং মানসম্মতকরণে জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠন।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৮.০০.০০০০.০২৬.০৬.০০১.১.৩৬১; তারিখ: ২৪/৪/২০২২ খ্রি:।

চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪), চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প এবং চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় যেসকল বিদ্যালয়ে ভবন/অতিরিক্ত শ্রেণিকক্ষ/ওয়াশব্লক নির্মাণ করা হচ্ছে সেসকল বিদ্যালয়ে নির্মাণ কার্যক্রম অধিকতর সুসমন্বিত এবং মানসম্মত অবকাঠামো নির্মাণ করতে নিম্নোক্ত জয়েন্ট ওয়ার্কিং কমিটিসমূহ গঠন করা হলো:

**ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রমের বিদ্যালয় পর্যায়ে মনিটরিং কমিটি:**

| ক্রমিক নং | কর্মকর্তা এবং সংস্থা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১। | সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট ক্লাস্টার) | সভাপতি |
| ২। | উপসহকারী প্রকৌশলী, এলজিইডি (উপজেলা প্রকৌশলী কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩। | উপসহকারী প্রকৌশলী/ প্রতিনিধি, ডিপিএইচই (উপজেলা প্রকৌশলী কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪। | এসএমসি'র সভাপতি | সদস্য |
| ৫। | প্রধান শিক্ষক | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক) বিদ্যালয়ে নির্মাণ কাজ চলাকালে ছাত্র-ছাত্রীদের পাঠদানের জন্য মেকশীফট/বিকল্প ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণ;

খ) বিদ্যালয় ভবনের নির্মাণ কাজের ফাউন্ডেশন, বীম/কলাম নির্মাণ এবং ছাদ ঢালাই-এর সময় কমিটির সদস্যগণ কর্তৃক সরেজমিন উপস্থিত থেকে কাজের গুনগতমান নিশ্চিতকরণ;

গ) নির্মাণ কাজ চলাকালে রড, সিমেন্ট, বালি, ইট ইত্যাদিসহ সকল উপকরণের গুণগতমান নিশ্চিতকরণ এবং টেস্টিং রিপোর্ট পর্যালোচনা;

ঘ) নির্মাণ কাজ চলাকালে পাইলিং, ফাউন্ডেশন, ছাদ ঢালাই, বীম/কলামসহ মূল কাজগুলোর এবং নির্মাণ সামগ্রীর ছবি/ভিডিও করে বিদ্যালয়ে সংরক্ষণ;

ঙ) সাইট রেজিষ্টার সংরক্ষণ নিশ্চিত;

চ) এলজিইডি, ডিপিএইচই এর যেসকল কর্মকর্তা নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট তাদের নাম, ঠিকানা, পদবি, এনআইডি নম্বর ও ফোন নম্বর এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম, পদবি, ঠিকানা, এনআইডি নম্বর ও ফোন নম্বর একটি রেজিষ্টারে সংরক্ষণ।

ছ) বিদ্যালয় ভবনের আয়ুস্কাল/লাইফ স্প্যান (Life Span) বিষয়ক প্রত্যয়ন পত্র গ্রহণ ও সংরক্ষণ,

জ) বিদ্যালয়ভিত্তিক নির্মিতব্য অবকাঠামোর (স্কুল ভবন, গেট, বাউন্ডারী ওয়াল ও শহীদ মিনার ইত্যাদি) বিস্তারিত ড্রইং এবং মাস্টার প্ল্যান কমিটির সদস্য সচিবের নিকট সংরক্ষিত থাকবে,

ঝ) প্রতি মাসে কমপক্ষে ১টি সভা করে বিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন কাজের মান যাচাই/পর্যালোচনা করে উপজেলা /থানা শিক্ষা অফিসারের নিকট প্রতিবেদন পেশ;

**খ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রমের উপজেলা পর্যায়ে মনিটরিং কমিটি:**

| ক্রমিক নং | কর্মকর্তা এবং সংস্থা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৩। | সহকারী প্রকৌশলী, ডিপিএইচই | সদস্য |
| ৪। | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক) নির্মাণ কাজ পরিদর্শন করে কাজের এবং নির্মাণ সামগ্রীর গুণগতমান নিশ্চিতকরণ;
খ) বিদ্যালয়ভিত্তিক কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা;
গ) মহানগরের ক্ষেত্রে বিদ্যালয় পর্যায়ের কমিটি কর্তৃক থানা শিক্ষা অফিসারের নিকট প্রতিবেদন দাখিল এবং থানা শিক্ষা অফিসার কর্তৃক উক্ত প্রতিবেদন পর্যালোচনাক্রমে মহানগর কমিটির নিকট দাখিল।
ঘ) বিদ্যালয়ভিত্তিক নির্মিতব্য অবকাঠামোর (স্কুল ভবন, গেট, বাউন্ডারী ওয়াল ও শহীদ মিনার ইত্যাদি) বিস্তারিত ড্রইং এবং মাস্টার প্লান কমিটির সদস্য সচিবের নিকট সংরক্ষিত থাকবে,
ঙ) উপজেলা পর্যায়ের কমিটি কর্তৃক প্রতি ৩ মাস অন্তর ১টি সভা করে নির্মাণ কাজের মান যাচাই/পর্যালোচনা করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রতিবেদন দাখিল;

**গ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রমের জেলা/সিটি কর্পোরেশন পর্যায়ে মনিটরিং কমিটি:**

| ক্রমিক নং | কর্মকর্তা এবং সংস্থা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) | সভাপতি |
| ২। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৩। | নির্বাহী প্রকৌশলী, ডিপিএইচই | সদস্য |
| ৪। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক) বিদ্যালয়ে নির্মাণ কাজ চলাকালে নির্মাণকাজ পরিদর্শন করে কাজের গুনগতমান নিশ্চিতকরণ;
খ) নির্মাণ কাজ চলাকালে রড, সিমেন্ট, বালি, ইট ইত্যাদিসহ সকল উপকরণের গুণগতমান নিশ্চিতকরণে পরামর্শ প্রদান;
গ) উপজেলা পর্যায়ের কমিটি/থানা শিক্ষা অফিসার কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা;
ঘ) বিদ্যালয় ভিত্তিক নির্মিতব্য অবকাঠামোর (স্কুল ভবন, গেট, বাউন্ডারী ওয়াল ও শহীদ মিনার ইত্যাদি) বিস্তারিত ড্রইং এবং মাস্টার প্লান কমিটির সদস্য সচিবের নিকট সংরক্ষিত থাকবে,
ঙ) প্রতি ৩ মাস অন্তর ১টি সভা করে বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন কাজের মান যাচাই/পর্যালোচনা করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ।

২। উক্ত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২২/৮/২০২২

সোহেল আহমেদ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৫৫০৭৪৭৭৭
E-mail: dgprimarybd@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৩. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ২, ঢাকা-১২১৬।
৪. প্রকল্প পরিচালক, চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প/ চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. জেলা প্রশাসক (সকল), ... ... ... ... ... ...... ... ... ... ... ...।
৬. মাননীয় প্রতিমন্ত্রী এর একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব এর একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল), ঢাকা/ময়মনসিংহ/সিলেট/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রংপুর/রাজশাহী বিভাগ।
৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল), ... ... ... ... ... ...।
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ... ... ... ... ... ...।
১১. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), ... ... ... ... ... ...।
১২. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩. অতিঃ মহাপরিচালক/অতিঃ মহাপরিচালক (পিইডিপি৪)-এর ব্যক্তিগত সহকারী (অতিঃ মহাপিরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
১৪. অফিস কপি।